# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**07 MAY 2025** **7:45—7:55 PM IST**

=================================================

(১) সিন্দুর অভিযান সম্পর্কে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ/ অভিযান সাফল্যের সঙ্গে সম্পন্ন করার জন্য সশস্ত্র বাহিনীসমূহকে প্রধানমন্ত্রীর প্রশংসা/

(২) সম্ভাব্য যুদ্ধকালীন পরিস্থিতি সম্পর্কে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্য আজ দেশের বিভিন্ন স্থানের সঙ্গে আসামেও সতর্কতামূলক অনুশীলন/

(৩) মধ্য ও নিম্ন আসামের তেরোটি জেলায় পঞ্চায়েত নির্বাচনের দ্বিতীয় তথা অন্তিম পর্যায়ের ভোটগ্রহণ শান্তিপূর্ণভাবে সম্পন্ন/

এবং

(৪) শিলচরের আসাম বিশ্ববিদ্যালয়ের জনৈক সহযোগী অধ্যাপকের বিরুদ্ধে অভিযোগকে কেন্দ্র করে ছাত্রছাত্রীদের আন্দোলনের পরিপ্রেক্ষিতে আজ ঐ অধ্যাপককে ৯০ দিনের জন্য  বরখাস্তের আদেশ/

---------------------------------------------------------------------------------

ভারতীয় সশস্ত্র বাহিনী পাকিস্তান এবং পাকিস্তান অধিকৃত জম্মু-কাশ্মীরের সন্ত্রাসবাদী শিবির থাকা ন'টি স্থানে গতকাল মধ্যরাতে একটা বেজে পাঁচ মিনিট থেকে রাত দেড়টা পর্যন্ত সময়ের মধ্যে আক্রমণ চালিয়ে 'অপারেশন সিন্দুর' আরম্ভ করে। পাকিস্তানে বাহাওয়ালপুরের মার্কাস সুভান আল্লা, মার্কাস টাইবা মুরিদ্কে এবং মেহমুনা জয়া তথা শিয়ালকোটের সন্ত্রাসবাদী শিবিরে সেনাবাহিনী আক্রমণ চালায় । পাকিস্তান অধিকৃত জম্মু-কাশ্মীরের সাওয়াইনালা, মুজফ্ফরবাদের সৈয়দ না বিলাল, কোটলি গুলপুর, বিম্বার

এবং কোটলি আব্বাস'এর সন্ত্রাসবাদী শিবিরও ধ্বংস করা হয় । নতুন দিল্লিতে এই অভিযানের সবিশেষ তথ্য প্রকাশ করে সেনাবাহিনীর কর্ণেল সোফিয়া কুরেশি এবং বায়ুসেনার উইং কমান্ডার ভূমিকা সিং পেহেলগামে সন্ত্রাসবাদী আক্রমণের ভুক্তভোগীদের ন্যায় দেওয়ার জন্য 'অপারেশন সিন্দুর' আরম্ভ করা হয়েছে বলে প্রকাশ করেছেন । গত তিন দশক ধরে পাকিস্তান, পাকিস্তান অধিকৃত কাশ্মীর সহ দেশের বিভিন্ন প্রান্তে সন্ত্রাসবাদী প্রশিক্ষণের ব্যবস্থা করা সহ বিভিন্ন ধরণের সন্ত্রাসবাদের পৃষ্ঠপোষকতা করে আসছে । এই আক্রমণে কোনো পাকিস্তানী সামরিক শিবিরকে লক্ষ্য হিসেবে নেওয়া হয়নি বলে তাঁরা জানিয়েছেন ।

বাইট

-----------

আজ নতুনদিল্লিতে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এই দুই বাহিনীর প্রধানের পাশাপাশি বৈদেশিক পরিক্রমা দপ্তরের সচিব বিক্রম মিশ্রী ভারত এই অভিযান সীমিত এবং নির্দিষ্ট লক্ষ্যে চালিয়েছে বলে উল্লেখ করেন ।

ভবিষ্যতে পাকিস্তানের তরফ থেকে চালানো যেকোনো অভিযানের প্রত্যুত্তর দিতে ভারতীয় সেনাবাহিনী প্রস্তুত রয়েছে । বিশ্বাসযোগ্য তথ্য ও সীমান্তের ওপারের সন্ত্রাসবাদী কার্যকলাপে জড়িত থাকার উপর ভিত্তি করে সন্ত্রাসবাদী শিবির সমূহ সনাক্ত করা হয়েছে বলে সেনা বাহিনীর কর্ণেল সোফিয়া কুরেশি মন্তব্য করেন । বৈদেশিক পরিক্রমা দপ্তরের সচিব বিক্রম মিশ্রী বলেন যে- পেহেলগামের সন্ত্রাসবাদী আক্রমণের ঘটনার অনুসন্ধানের মাধ্যমে সন্ত্রাসবাদীদের সঙ্গে পাকিস্তানের সম্পর্কের বিভিন্ন দিক উন্মোচিত হয়েছে । দেশের অনুসন্ধানকারী সংস্থা সমূহের পর্যবেক্ষণের মাধ্যমে প্রকাশিত তথ্য থেকে দেশে ভবিষ্যতে পুনরায় সন্ত্রাসবাদী আক্রমণের সম্ভাবনা প্রকট হয়ে উঠেছে । শ্রী মিশ্রী বলেন- জম্মু-কাশ্মীরের পর্যটন ক্ষেত্রে ঋণাত্মক প্রভাব ফেলা এবং এই অঞ্চলটি সহ সমগ্র দেশে সাম্প্রদায়িক অস্থিরতার সৃষ্টি করার উদ্দেশ্য পেহেলগামে সন্ত্রাসবাদী আক্রমণ চালানো হয়েছিল। রেজিস্টেন্স ফ্রন্ট নামের একটি সন্ত্রাসবাদী গোষ্ঠী পেহেলগাম আক্রমণের দায়িত্ব স্বীকার করেছে বলে উল্লেখ করে শ্রী মিশ্রী বলেন যে- লস্কর-ই - তৈয়বা'র সঙ্গে এই গোষ্ঠীর সম্পর্ক রয়েছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিকেলে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করেছেন । এবং সিন্দুর অভিযানের বিষয়ে তাকে অবগত করান । ভারত, পাকিস্তান এবং

পাকিস্তান অধিকৃত কাশ্মীরের বেশ কয়েকটি সন্ত্রাসবাদী শিবিরে সিন্দুর অভিযান চালানোর পরই প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতির মধ্যে এই বৈঠক বিশেষ তাৎপর্য বহন করছে ।

এদিকে প্রধানমন্ত্রী শ্রী মোদী এই অভিযান সফলভাবে সম্পন্ন করায় সশস্ত্র বাহিনী সমূহের ভূয়সী প্রশংসা করেছেন । তিনি আজ নতুনদিল্লিতে পেহেলগাম সন্ত্রাসবাদী আক্রমণের প্রতিশোধকল্পে চালানো এই অভিযানের বিষয়ে মন্ত্রীসাভাকে অবগত করান । এই বৈঠকে তিনি কেন্দ্রীয় মন্ত্রীদের সকলকে শুভেচ্ছা জানিয়েছেন । এছাড়া সরকার অপারেশন সিন্দুর অভিযান সম্পর্কে আগামীকাল সকাল এগারোটায় একটি সর্বদলীয় বৈঠক আহ্বান করেছে । এতে সরকারের পক্ষ থেকে বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের এই অভিযানের বিষয়ে অবগত করবেন ।

-----------------------------------------------------------------------------------

সিন্দুর অভিযানের সময়ে অসীম বীরত্ব এবং সাহস প্রদর্শনের মাধ্যমে সশস্ত্র বাহিনীসমূহ ইতিহাস রচনা করেছে বলে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং মন্তব্য করেছেন । নতুনদিল্লিতে আজ সীমান্ত সড়ক সংস্থ্ ছ'টি রাজ্য এবং দুটি কেন্দ্রশাসিত অঞ্চলে রূপায়ণ করা ৫০টি প্রকল্পের উদ্বোধন করে একথা বলেন । তিনি বলেন যে- এই অভিযানে সশস্ত্র বাহিনী নিখুঁত, সতর্ক এবং সংবেদনসী তার সঙ্গে ব্যবস্থা গ্রহণ করে পরিকল্পিত কৌশলের অংশ হিসেবে নির্ধারিত লক্ষ্য ধ্বংস করতে সমর্থ হয়েছে ।

এদিকে সিন্দুর অভিযানের পর কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ আজ পাকিস্তান সীমান্তবর্তী রাজ্যগুলির মুখ্যমন্ত্রী, পুলিশ সঞ্চালক প্রধান এবং মুখ্য সচিবদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন ।

এই অভিযানের বিষয়ে প্রতিক্রিয়া ব্যক্ত করে আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা প্রতিরক্ষা বাহিনীকে অভিনন্দন জ্ঞাপন করেছেন । তিনি বলেন যে- এই প্রত্যাহ্বানপূর্ণ পরিস্থিতিতে সমগ্র ভারতবাসী এক হয়ে থাকবে । এবং কোনো কারণে দেশের স্বাভিমানে আঘাত হানতে দেওয়া হবে না ।

বাইট

-----------

-----------------------------------------------------------------------------------

এদিকে রাজনৈতিক মতাদর্শ নির্বিশেষে বিভিন্ন দলের নেতা সেনা বাহিনীর সিন্দুর অভিযানের প্রশাংসা করেছে । বিরোধি পক্ষের নেতা রাহুল গান্ধী , কংগ্রেসের সভাপতি মল্লিকার্জুন খার্গে ,ডি এম কে প্রধান তথা তামিলনাডুর মূখ্যমন্ত্রী এম কে স্ট্যালিন ,

টিডিপি প্রধান তথা অন্ধ্রপ্রদেশের মূখ্যমন্ত্রী এন চন্দ্রবাবু নাইডু ,টি এম সি প্রদান তথা পশ্চিমবঙ্গের মূখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ,সমাজবাদী পার্টীর অখিলেশ যাদব , বিজেডির সভাপতি নবীন পটনায়েক ,আম আদমী পার্টীর অরবিন্দ কেজরিওয়াল সহ অন্যান্যরা সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের অপারেশন সিন্দুর অভিযানের প্রশংসা করেছেন ।

---------------------------------------------------------------------------------------

সম্ভাব্য যুদ্ধকালীন পরিস্থিতি সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টির জন্য আজ দেশের বিভিন্ন স্থানে সতর্কতামূলক অনুশীলন চালানো হয়েছে । কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশ অনুসারে দেশের ২৫৯ টি স্থানে সতর্কতামূলক অনুশীলন চালানো হয়েছে । এরমধ্যে রাজধানী দিসপুর , গৌহাটীর বাকী অংশ ,নামরূপ ,কার্বি আংলং , এবং কোকরাঝার সহ রাজ্যের ২০ টি স্থান রয়েছে ।

এই অনুশীলনে অসামরিক প্রতিরক্ষা, পুলিশ ,অগ্নি নির্বাপক এবং জরুরীকালীন সেবা ,রাজ্য দূর্যোগ সহায়তা বাহিনী ,জেলা দূর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ,স্বাস্থ্য বিভাগ ,বিদ্যুত বিভাগ এবং তথ্য ও জনসংযোগ বিভাগ অংশগ্রহণ করেছে ।

এই অনুশীলন চলাকালীন বিমান আক্রমণের সময় সাইরেন ব্যবস্থা সক্রিয় করা সাধারণ লোক বিশেষ করে ছাত্র-ছাত্রীর সুরক্ষা নিশ্চিত করা ,হঠাৎ ব্ল্যাক আউট হলে কি ব্যবস্থা গ্রহণ করা হবে সে বিষয়ে সচেতন করা ,আপাতকালীন পরিস্থিতিতে দ্রুত উদ্ধার ও গুরুত্বপূর্ণ কারখানা বা ঘাটিতে নিরাপত্তা নিশ্চিতকরণ ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয় ।

---------------------------------------------------------------------------------------

অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের শিলচর শহর সমিতি এবং বিজেপির কাছাড় জেলা কমিটি আজ শিলচর ক্যাপিটেল পয়েন্টে সিন্দুর অভিযানের সাফল্যকে উদযাপন করেছে । তারা এ উপলক্ষ্যে বাইক র‍্যালীর আয়োজন করেছে এবং বাজি পটকা ফাটিয়ে মিষ্টি বিতরণ করেছে ।

---------------------------------------------------------------------------------------

মধ্য ও নিম্ন আসামের ১৩ টি জেলায় পঞ্চায়েত নির্বাচনের দ্বিতীয় তথা শেষ পর্যায়ের ভোটগ্রহণ আজ সমাপ্ত হয়েছে । সকাল সাড়ে ৭ টা থেকে অনুষ্ঠিত এই ভোটগ্রহণ বিকেল সাড়ে চারটা পর্যন্ত ধার্য করা হলেও কোনো কোনো ভোটকেন্দ্রে এখনও ভোটারের দীর্ঘ লাইন থাকার পরিপ্রেক্ষিতে এখনও ভোটদান চলছে ।

রাজ্য নির্বাচন কমিশনের সূত্র অনুসারে বিকেল সাড়ে তিনটা পর্যন্ত নলবারী জেলায় ৫৯ দশমিক ৪-৫ শতাংশ ,দক্ষিণ শালমারা জেলায় ৫৮ শতাংশ , গোয়ালপারা জেলায় ৫৬

দশমিক ২-২ শতাংশ ,বঙ্গাইগাঁও জেলায় ৬২ দশমিক ৭-২ শতাংশ ,বরপেটা জেলায় ৬০ দশমিক ২-২ শতাংশ ,বজালী জেলায় ৫৭ শতাংশ , কামরূপ মহানগর জেলায় ৫৬ দশমিক ৮-৪ শতাংশ , হোজাই জেলায় ৫৭ দশমিক ৬-৫ শতাংশ , নগাঁও জেলায় ৫১ দশমিক ৭ শতাংশ , মরিগাঁও জেলায় ৬০ দশমিক ১-৫ শতাংশ এবং দরং জেলায় ৫৩ দশমিক ২-৫ শতাংশ ভোটদান হয়েছে । আজ রাত পর্যন্ত ভোটদানের চূড়ান্ত হার রাজ্য নির্বাচন কমিশন প্রকাশ করার সম্ভাবনা রয়েছে ।
মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা কামরূপ জেলার আমিনগাঁওয়ে আজ পঞ্চায়েত নির্বাচনের ভোটদান করেন ।মন্ত্রী পীযুষ হাজারিকা আজ মরিগাঁও জেলার আঁহতগুড়ির মরাকলং এল পি স্কুলের ভোট কেন্দ্রে ভোটদান করেন । নগাঁও জেলার বেঙ্গেনাআটি প্রাথমিক বিদ্যালয়ের ভোটকেন্দ্রে কংগ্রেসের সাংসদ প্রদ্যুত বরদলৈ নিজের ভোটাধিকার সাব্যস্ত করেন ।
উল্লেখ্য রাজ্যে গত দোসরা মে পঞ্চায়েত নির্বাচনের প্রথম পযরায়ে ১৪ টি জেলায় ৭০ দশমিক ১-৯ শতাংশ ভোটদান সম্পন্ন হয়েছিলো । আগামী ১১ মে পঞ্চায়েত নির্বাচনের ভোটগণনা করা হবে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আগামী ১১ই মে  পঞ্চায়েত নির্বাচনের ভোট গণনা  শ্রীভূমি শহরের করিমগঞ্জ কলেজ , পাথারকান্দি সম জেলার আকাই দুমের ইন্ডোর স্টেডিয়াম এবং রামকৃষ্ণ নগর সম জেলার রামকৃষ্ণ কলেজে অনুষ্ঠিত হবে । ভোট গণনা প্রক্রিয়া সুষ্ঠভাবে সম্পন্ন করতে জেলায় ১১০ জন মাইক্র অবজারভারদের প্রশিক্ষন আগামীকাল সকাল ১১টায় শ্রীভূমি শহরের জেলা গ্রন্থাগার ভবনে অনুষ্ঠিত হবে । পঞ্চায়েত নির্বাচনের পার্সোনেল ও ট্রেনিং সেল থেকে এক বিজ্ঞপ্তী জারী করে আগামীকালের প্রশিক্ষনে উপস্থিত থাকতে মাইক্র অবজারভারদের নির্দেশ দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শিলচরের আসাম বিশ্ববিদ্যালয়ের জনৈক সহযোগী অধ্যাপকের বিরুদ্ধে যৌন নিগ্রহের অভিযোগকে কেন্দ্র করে গত কয়েকদিন ধরে চলতে থাকা ছাত্রছাত্রীদের আন্দোলনের পরিপ্রেক্ষিতে ঐ অধ্যাপককে ৯০ দিনের জন্য  বরখাস্তের আদেশ দেওয়া হয়েছে । উল্লেখ্য- বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের তিনজন ছাত্রী ঐ অধ্যাপকের বিরুদ্ধে যৌন নিগ্রহের লিখিত অভিযোগ দাখিল করেছিল । তার ভিত্তিতে বিভাগীয় প্রধানের কাছ থেকে প্রতিবেদন সংগ্রহ করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অভিযুক্ত অধ্যাপককে ছুটিতে যাওয়ার নির্দেশ দিয়েছিল । তবে সংশ্লিষ্ট অধ্যাপক কোনো ছুটি না নেওয়ার পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুসারে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে ।

------------------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে গতকাল বিকেলে শালচাপড়ায় অভিযান চালিয়ে বৃহৎ পরিমানের হেরোইন সহ দুজন সরবরাহকারীকে আটক করেছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে পুলিশ প্রায় ৮শ ৪৭ গ্রাম হেরোইন এবং প্রায় চার কিলোগ্রাম আফিং আটক করার সঙ্গে আমুন খান ও মোহম্মদ খান নামের দু জন ড্রাগস সরবরাহকারীকে আটক করেছে । জেলার পুলিশ সুপার নোমাল মাহাতো জানিয়েছেন যে নেশা জাতীয় সামগ্রীর বাজার মূল্য চার কোটী ৫০ লক্ষ টাকা।

------------------------------------------------------------------------------------------

শিলচর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে আয়োজিত অনুর্ধ-১৬ আন্ত:স্কুল ক্রিকেট প্রতিযোগীতার ফাইনালে আজ নিউ অক্সফোর্ড হায়ার সেকেন্ডারী স্কুল দুই উইকেটে বিজয়ী হয়েছে । স্থানীয় সতীন্দ্র মোহন দেব স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার ফাইনাল খেলা নিউ অক্স ফোর্ড হায়ার সেকেন্ডারী স্কুল ও শ্যামাচরন দেব বিদ্যাপীঠের মধ্যে অণুষ্ঠিত হয়েছে । প্রথমে ব্যাট করতে নেমে শ্যামাচরন দেব বিদ্যাপীঠ ৭ উইকেট হারিয়ে ১৫৬ রান সংগ্রহ করে । জবাবে নিউ অক্সফোর্ড স্কুল ৮ উইকেট হারিয়ে ১৫৭ রান তুলে জয়ের লক্ষ্যে পৌছে যায় ।

------------------------------------------------------------------------------------------